# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৬১৭

৬/ স্বলাত (নামায)

পরিচ্ছেদঃ আযানের পর বিনা ওযরে ফরয নামায না পড়ে মসজিদ থেকে চলে যাওয়া মাকরূহ

## আরবী

عَنْ أَبِي الشَّعْثَاءِ قَالَ : كُنَّا قُعُوداً مَع أَبِي هُرَيرَةَ فِي المَسْجِدِ فَأَذَّن المُؤَذِّنُ فَقَام رَجُلٌ مِنَ المَسْجِدِ يَمْشِي فَأَتْبَعهُ أَبُو هُرَيرَةَ بَصرَه حَتَّى خَرَجَ مِن المَسْجِدِ فَقَالَ أَبُو هُرَيرَةَ : أَمَّا هَذَا فَقَدْ عَصَى أَبَا القَاسِمِ رواه مسلم

## বাংলা

(৬১৭) আবূ শা’সা’ (রহঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমরা (একবার) আবূ হুরাইরা (রাঃ) এর সঙ্গে মসজিদে বসে ছিলাম। (এমন সময়) মুআযযিন আযান দিল। তখন একটি লোক মসজিদ থেকে চলে যেতে লাগল। আবূ হুরাইরা তার দিকে এক দৃষ্টিতে তাকিয়ে রইলেন, শেষ পর্যন্ত সে মসজিদ থেকে বের হয়ে গেল। অতঃপর আবূ হুরাইরা বললেন, এই লোকটি আবুল কাসেম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অবাধ্যাচরণ করল।

## ফুটনোট

(মুসলিম ১৫২১-১৫২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ শা'সা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=64136

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন